



ড. ফরাসউদ্দিন আন্তর্জাতিক কমিশনের সদস্য নির্বাচিত

■ বিশেষ প্রতিনিধি, যুক্তরাষ্ট্র

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের সদস্য নির্বাচিত হয়েছেন। স্থানীয় সময় শুক্রবার সকালে জাতিসংঘে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

চার বছর মেয়াদী এ কমিটিতে বাংলাদেশের প্রতিনিধি ড. ফরাসউদ্দিন সর্বসম্মতিক্রমে নির্বাচিত হন। নবনির্বাচিত কমিশন ২০১৭ সালের ১ জানুয়ারি থেকে দায়িত্বভার গ্রহণ করবে।

আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশন জাতিসংঘ সাধারণ পরিষদের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গপ্রতিষ্ঠান। এই কমিশন জাতিসংঘের কর্মীদের চাকরি সংক্রান্ত নিয়ম-নীতি ও কর্মী ব্যবস্থাপনার সমন্বয়সহ জাতিসংঘের বিশেষায়িত আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক প্রতিষ্ঠান, যারা জাতিসংঘের সাধারণ ব্যবস্থাপনায় অংশগ্রহণ এবং এই পৃষ্ঠা ২ কলাম ৪